



তাজুল ইসলামকে সরিয়ে ট্রাইব্যুনালের নতুন চিফ প্রসিকিউটর আমিনুল



সংগৃহীত ছবি

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর পদ থেকে তাজুল ইসলামকে সরিয়ে নতুন চিফ প্রসিকিউটর হিসেবে নিয়োগ পেয়েছেন এডভোকেট আমিনুল ইসলাম।

আইন মন্ত্রণালয় সোমবার (২৩ ফেব্রুয়ারি) এ নিয়োগ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে। আমিনুল ইসলাম দীর্ঘদিন ধরে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার আইনজীবী হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি বিডিআর হত্যাকাণ্ডের আসামিপক্ষের পক্ষে আইনজীবী হিসেবেও পরিচিত।

এর আগে, ২০২৪ সালের ৫ সেপ্টেম্বর আইন মন্ত্রণালয় তাজুল ইসলামকে প্রধান প্রসিকিউটর হিসেবে নিয়োগ করেছিল। তখন তিনি জুলাই আন্দোলনে সংঘটিত মানবতাবিরোধী অপরাধ এবং আওয়ামী লীগ শাসনের সময়ের গুম ও খুন মামলার বিচারে দায়িত্ব পান।

LENS ASIA